**যুগান্তর**

তারিখ 18 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

চট্টগ্রামের সাউদার্ন বিশ্ববিদ্যালয়

# শিক্ষার্থী ভর্তি বন্ধ করে দিল ইউজিসি

## অভিযোগ তদন্তে চার সদস্যের কমিটি

**যুগান্তর রিপোর্ট**

চট্টগ্রামের বেসরকারি সাউদার্ন বিশ্ববিদ্যালয়ের সব ক্যাম্পাসে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বিশ্ববিদ্যালয়টির রেজিস্ট্রারের কাছে বৃহস্পতিবার এ সংক্রান্ত চিঠি পাঠানো হয়। মন্ত্রণালয় ও ইউজিসির সংশ্লিষ্ট কর্মকর্তারা এ তথ্য নিশ্চিত করেছেন। তারা জানান, বোর্ড অব ট্রাস্টিজের দ্বন্দ্ব, অননুমোদিত ক্যাম্পাস খোলাসহ বিভিন্ন অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয়টির বিরুদ্ধে। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের মালিকানা নিয়ে একাধিক মামলা চলমান আছে। জানা গেছে, চিঠিতে বিশ্ববিদ্যালয় ঘিরে উদ্ভূত পরিস্থিতি তদন্তে একটি কমিটি গঠন করতে বলা হয়েছে। সে অনুযায়ী ইউজিসি চার সদস্যের একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে। কমিটির সদস্যরা হলেন, সংস্থাটির সদস্য অধ্যাপক আখতার হোসেন খান, অধ্যাপক শাহ নেওয়াজ আলী, আইন সেলের কর্মকর্তা জিয়াউদ্দিন মাহমুদ এবং সংশ্লিষ্ট ডিলিং কর্মকর্তা। এ প্রসঙ্গে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সাউদার্ন ইউনিভার্সিটির ভর্তি কার্যক্রম স্থগিত রাখার চিঠি দেয়া হয়েছে। তদন্ত কমিটি এখন অভিযোগগুলো তদন্ত করবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
স্বাক্ষর